

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং-১১

১২ ডিসেম্বর ২০১১

তারিখ : -----

২৮ অগ্রহায়ণ ১৪১৮

প্রধান নিবাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী ।

প্রিয় মহোদয়,

Deferred Tax হিসাব সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে ।

বিআরপিডি সার্কুলার নং ৬ তারিখ ৩১ জুলাই ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো ।

ব্যাংকের প্রকৃত আর্থিক অবস্থা প্রতিফলনের লক্ষ্যে আর্থিক বিবরণীতে Deferred Tax Asset ও Liability সংক্রান্ত হিসাব অর্তভুক্ত করার ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশ দেয়া হলোঃ

১। আয়কর আইন অনুযায়ী যেসব বিষয়ের উপর ভবিষ্যতে আয়কর সুবিধা পাওয়া যাবে সেসব বিষয়ে বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড অনুসরণ করে Deferred Tax Asset হিসাব সংরক্ষণ করা যাবে । তবে এ ব্যাপারে আর্থিক বিবরণীর টীকা অংশে বিস্তারিত বিবরণ (যেমনঃ হিসাবায়নের ভিত্তি ও পদ্ধতি, পরিমাণ, সময়সূচী সময়, ইত্যাদি) দিতে হবে;

২। বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড এ যেসব বিষয়ে Deferred Tax হিসাবভুক্ত করার উল্লেখ রয়েছে, সেসব বিষয়ে আবশ্যিকভাবে তা হিসাবভুক্ত করতে হবে;

৩। শ্রেণীকৃত ঋণ, অধিম বা বিনিয়োগ (শরিয়াহ মোতাবেক পরিচালিত ব্যাংকের ক্ষেত্রে) এর বিপরীতে রাস্তি সংস্থানের উপর ভিত্তি করে Deferred Tax Asset নির্ণয় ও হিসাবভুক্ত করা হলে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

ক) উক্ত Deferred Tax Asset হিসাবভুক্ত করার ফলে কর পরবর্তী আয়ের যে পরিমাণ বৃদ্ধি হয় তা লভ্যাশী আকারে বিতরণ করা যাবে না;

খ) বার্ষিক আর্থিক প্রতিবেদন এবং বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত মূলধন পর্যাপ্ততা সংক্রান্ত বিবরণীতে Regulatory Eligible Capital নির্ণয়ে অবনিটি মুনাফা হতে শ্রেণীকৃত ঋণের বিপরীতে রাস্তি সংস্থানের উপর ভিত্তি করে হিসাবভুক্ত Deferred Tax Asset বাদ দিতে হবে;

গ) আর্থিক প্রতিবেদনের টীকা অংশে শ্রেণীকৃত ঋণের বিপরীতে রাস্তি সংস্থানের উপর সৃষ্টি Deferred Tax Asset এর ব্যাখ্যা (পরিমাণ, হিসাবায়ন পদ্ধতি, উৎস বছর, বর্তমান বছরে সংযোজন ও আদায় ইত্যাদি তথ্য) সংযোজন করতে হবে ।

বিআরপিডি সার্কুলার নং ৬ তারিখ ৩১ জুলাই ২০১১ বাতিলপূর্বক ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নীতিমালা জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(কে, এম, আব্দুল ওয়াদুদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১১৭৮২৫